

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত (স্বর্বস্বত্ত প্রকাশক কর্তৃক সংরক্ষিত)

পরীক্ষামূলক সংস্করন

প্রথম প্রকাশ: ২০১৩

চিত্ৰ

----

গ্রাফিক্স


-----

মজার মামা ডিজাইন

-----




## মজার মামা







জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা



এই আমাদের মজার মামা।




ঐটা আমাদের মজার মামার বাড়ি। খালের ওপারে।




ঐ যে মামা ভেলায় চড়ে যান।
স্বপ্না ও টুটুল বলল, মজার মামা, মজার মামা
আমরাও যাবো তোমার সাথে।
মামা বলল, যেতে পার, তবে লাফালাফি করা যাবে না।









বিড়াল বলল, মজার মামা, মজার মামা, আমিও যাবো তোমাদের সাথে। মামা বললেন, যেতে পার, তবে খরগোশকে ধাওয়া করা যাবে না।




আমিও যাব তোমাদের সাথে। মামা বললেন, যেতে পার, তবে বিড়ালকে তাড়া করা যাবে না।



ছাগল বলল, মজার মামা, মজার মামা, আমিও যাবো তোমাদের সাথে। মামা বললেন, যেতে পার, তবে ল্যাঙ মারা চলবে না।




মোরগ বলল, মজার মামা, মজার মামা, আমিও যাবো তোমাদের সাথে। মামা বললেন, যেতে পার, তবে কাউকে ঠোকর মারা যাবে না।




মজার মামা সবাইকে ভেলায় নিয়ে রওনা হলেন।
ওপারে প্রায় পৌছে যাবে যাবে এমন সময়ছাগল মোরগকে ল্যাঙ মারল, মোরগ কুকুরকে ঠোকর মারলো,
কুকুর বিড়ালকে তাড়া করল, বিড়াল খরগোশকে ধাওয়া করল,
খরগোশ লাফাতে লাগল স্বপ্না আর টুটুলও শুরু করল লাফালাফি।




তখন কী হলো জানো? ভেলাটা গেল উল্টে, আর অমনি সবাই ঝপাৎ করে পানিতে গেল পড়ে।





সবাই সবাইকে সাঁতরে পাড়ে উঠতে সাহায্য করল। সবশেষে মজার মামা খরগোশকে কাঁধে নিয়ে পাড়ে উঠল।





জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা